# Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 18 July, 2025

গোপালগঞ্জে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)'র নেতৃবৃন্দের ওপর ছাত্রলীগের হামলার প্রতিবাদে ঠাকুরগাঁওয়ের রাণীশংকৈলে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে এনসিপি'র স্থানীয় নেতাকর্মীরা।

গত বৃহস্পতিবার (১৭ জুলাই) বিকেলে রাণীশংকৈল ডিগ্রি কলেজ মাঠ থেকে একটি বিক্ষোভ মিছিল বের হয়ে পৌর শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে বন্দর চৌরাস্তা মোড়ে গিয়ে এক সংক্ষিপ্ত সমাবেশে মিলিত হয়।

সমাবেশে বক্তব্য রাখেন এনসিপি'র রাণীশংকৈল উপজেলার সংগঠক মোকারম হোসেন সাদ্দাম, নূর নবী, শাহজান আলী, পিয়ারুল হোসেন ও জুলাই যোদ্ধা হাবিব প্রমুখ।

বক্তারা বলেন, "গোপালগঞ্জে এনসিপি নেতৃবৃন্দের ওপর ছাত্রলীগ নামধারী সন্ত্রাসীদের হামলা গণতন্ত্র ও বাকস্বাধীনতার ওপর নগ্ন আঘাত।এ ধরনের হামলা নিন্দনীয় ও ন্যাক্কারজনক।"

তাঁরা অবিলম্বে ঘটনার সঙ্গে জড়িতদের আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করেন এবং ফ্যাসিবাদী শক্তিকে রুখে দিতে সবাইকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানান।

এনসিপি ঠাকুরগাঁও

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 20:59

URL: https://timestodaybd.com/public/across-the-country/4938775807